প্রথম আলো

তারিখ 15 JUL 2009
পৃষ্ঠা

ফলো-আপ



# বখাটেদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী

সুনামগঞ্জ প্রতিনিধি ●

সুনামগঞ্জে বখাটেপনার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ নিয়েছেন শিক্ষামন্ত্রী। ৮ জুলাই *প্রথম আলোর* নারীমঞ্চে 'বখাটেদের বিরুদ্ধে ছাত্রীরা' শিরোনামের প্রতিবেদন প্রকাশের পর শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম ওই দিন সকালেই সুনামগঞ্জের জেলা প্রশাসককে এ নির্দেশ দেন।
শিক্ষামন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা (পিআরও) সুবোধ চন্দ্র ঢালী এ প্রতিবেদককে জানান, প্রতিবেদনটি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের দৃষ্টিগোচর হয়। তাৎক্ষণিক তিনি সুনামগঞ্জের জেলা প্রশাসক মো. জহির উদ্দিন আহমেদকে ফোন করে বিষয়টি সম্পর্কে খোঁজখবর নেন। তিনি বখাটেদের দ্বারা সুনামগঞ্জে স্কুলছাত্রী লাঞ্ছনার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন। একই সঙ্গে তিনি জেলা প্রশাসককে যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন।
এ ব্যাপারে সুনামগঞ্জের জেলা প্রশাসক জহির উদ্দিন আহমেদ শিক্ষামন্ত্রীর সঙ্গে টেলিফোনে কথা বলার বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, এ ঘটনার পর শহরের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর সামনে পুলিশি টহল জোরদার করা হয়েছে। অন্য বখাটেদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। মেয়েরা যাতে নিরাপদে স্কুল-কলেজে যাওয়া-আসা করতে পারে, সে জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হয়েছে।
৪ জুলাই সুনামগঞ্জ শহরের সরকারি এসসি বালিকা উচ্চবিদ্যালয়ের এক ছাত্রীকে বিদ্যালয়ে আসার পথে এক বখাটে চড় মারে। এর প্রতিবাদে ওই বিদ্যালয়ের ছয় শতাধিক শিক্ষার্থী ক্লাস বর্জন করে শহরে বিক্ষোভ মিছিল করে। বিকেলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাদী হয়ে তিন যুবককে আসামি করে থানায় মামলা করেন। পরে পুলিশ এ ঘটনায় জড়িত একজনকে গ্রেপ্তার করে।
সুনামগঞ্জ সরকারি এসসি বালিকা উচ্চবিদ্যালয়ের শিক্ষার্থীরা জানায়, ঘটনার পর এর জোরালো প্রতিবাদ করেছে তারা। এরপর আর স্কুলে আসা-যাওয়ার পথে বখাটেরা উত্যক্ত করেনি। তাদের দাবি, এ অবস্থা যেন সব সময় থাকে।